

জনতা ব্যাংক লিমিটেড
ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়,
ঢাকা।

এফ.ডি সার্কুলার লেটার নং : ২৪৬/১৭

তারিখ : ২০ জুন, ২০১৭
৭ আষাঢ়, ১৪২৪

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক/ শাখা ব্যবস্থাপক,
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল কর্পোরেট শাখা/সকল শাখা,
বাংলাদেশ।

বিষয়ঃ প্রবাসী বাংলাদেশীদের জন্য রেমিট্যান্স সেবার মান বৃদ্ধি প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর সার্কুলার লেটার নং-এফইপিডি(এলডিএ)১৪৭/২০১৭-০৯, তারিখঃ জুন ১৪, ২০১৭ ইং এর নির্দেশনা আমাদের হস্তগত হয়েছে যা নিম্নে হুবহু উদ্ধৃত করা হল :

উদ্ধৃত“

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়,

ঢাকা-১০০০

Website: www.bb.org.bd

জুন ১৪, ২০১৭

সার্কুলার লেটার নং-এফইপিডি (এলডিএ)১৪৭/২০১৭-০৯

তারিখঃ-----
জ্যৈষ্ঠ ৩১, ১৪২৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস,

প্রিয় মহোদয়গণ,

প্রবাসী বাংলাদেশীদের জন্য রেমিট্যান্স সেবার মান বৃদ্ধি প্রসঙ্গে।

প্রবাসী বাংলাদেশীদের জন্য রেমিট্যান্স সেবার মান বৃদ্ধির লক্ষ্যে জরুরি ভিত্তিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদের অনুরোধ করা যাচ্ছেঃ

ক) সংশ্লিষ্ট প্রতিটি শাখায় রেমিট্যান্স হেল্প ডেস্ক চালুকরতে হবে;

খ) প্রবাস আয়ের বেনিফিসিয়ারীকে অগ্রাধিকার ভিত্তিতে রেমিট্যান্স সংক্রান্ত তথ্য প্রদান নিশ্চিত করতে হবে;

গ) গ্রাহক হয়রানি রোধে প্রতিটি শাখায় প্রবাসী/ প্রবাস আয়ের বেনিফিসিয়ারীদের জন্য আলাদা খাতায় ক্রমানুসারে অভিযোগ গ্রহণের ব্যবস্থা রাখতে হবে এবং পাক্ষিক ভিত্তিতে অভিযোগসমূহ (গৃহীত ব্যবস্থাসহ) সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগকে অবহিত করতে হবে।

ঘ) প্রবাসীদের জন্য ব্যাংকের নিজস্ব ও সরকারের সকল ধরনের বিনিয়োগ সেবার প্রচার নিশ্চিত করতে হবে;

ঙ) বৈধ পথে রেমিট্যান্স আনয়নের সুবিধাদি প্রচার করতে হবে;

জরুরি পরিপালনার্থে অনুগ্রহপূর্বক উপরোক্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ শহিদুল ইসলাম)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ০২-৯৫৩০৬২৫

” অনুদ্ধৃত

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক জারীকৃত উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য আমাদের সকল শাখাসহ সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হল। গ্রাহক হয়রানি রোধে প্রতিটি শাখায় প্রবাসী/ প্রবাস আয়ের বেনিফিসিয়ারীদের জন্য আলাদা খাতায় ক্রমানুসারে অভিযোগ গ্রহণের ব্যবস্থা গ্রহণ করে, অভিযোগসমূহ (গৃহীত ব্যবস্থাসহ) পাক্ষিক ভিত্তিতে সংশ্লিষ্ট এরিয়া অফিস সমূহে প্রেরণ করবে। এরিয়া অফিস সমূহ তা একীভূত করে পাক্ষিক ভিত্তিতে বিভাগীয় কার্যালয়সমূহে প্রেরণ করবে এবং বিভাগীয় কার্যালয়সমূহকে তা একীভূত করে প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে পাক্ষিক ভিত্তিতে প্রেরণ করারও পরামর্শ দেয়া হল।

(মোঃ সামছুর রেজা)
উপ-মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ক্বতুন আলম)
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ

- ১) কোম্পানী সচিব, বোর্ড অব ডিরেক্টরস, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) পিএস টু সিইও এন্ড এম ডি/ডি এম ডি, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) পিএ টু জেনারেল ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর/ঢাকা-দক্ষিণ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/কুমিল্লা/ময়মনসিংহ/ফরিদপুর/স্থানীয় কার্যালয়/জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা।
- ৪) চীফ এক্সিকিউটিভ- ইউ.এ.ই।
- ৫) নথি।